## ধরিত্রী মা এর জন্য প্রার্থনা

হে পরম ব্রহ্ম, দিব্য পিতা, দিব্য মাতা, আমার উচ্চতম আত্মা, আমার আধ্যাত্মিক পথপ্রদর্শক, সহায়কবৃন্দ এবং গুরুজন
সমস্ত আধ্যাত্মিক পথপ্রদর্শক, সহায়কবৃন্দ এবং গুরুজন
সমস্ত উপাচারাত্মক দেবদূত
ধরিত্রী মা-র সমস্ত রক্ষকগন
ধরিত্রী মায়ের সমস্ত প্রাকৃতিক সত্তা
মহান কর্মমন্ডল
হে ঈশ্বর আমি বিনীতভাবে আপনার দিব্য আশীর্ব্বাদকে আহ্বান করছি যাতে ধরিত্রী মার বুকে আমি সেই আশীর্বাদের মাধ্যম হতে পারি।
দয়া করে সেই মত আমাকে পথপ্রদর্শন এবং রক্ষা করুন।
আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ।
ধরিত্রী মার বুকে আপনার দিব্য জ্যোতি, দিব্য ক্ষমতা এবং দিব্য জ্ঞান বর্ষিত হোক।
দিব্য জ্যোতি যেন সমস্ত নেতিবাচক শক্তিকে ভস্মীভূত করে যা ধরিত্রী মার অখন্ডতা এবং একত্ব কে বাধা দিচ্ছে।
ধরিত্রী মা-এর ওপর যেন শান্তি ও সামঞ্জস্য বিরাজ করে।
ধরিত্রী মা-এর যেন খাদ্য, জল, এবং সম্পদের প্রাচুর্য থাকে।
ধরিত্রী মা যেন সুস্থ ও সজীব থাকে।
এখানে যেন সকলের প্রেম, করুণা, দয়া, আনন্দ এবং আধ্যাত্মিকতার প্রাচুর্য থাকে।
ধরিত্রী মার বুকে ঈশ্বরের দিব্য শিখা রক্ষাকারীর ওপর যেন দিব্য জ্যোতি, দিব্য ক্ষমতা, দিব্য জ্ঞান এবং দিব্য প্রজ্ঞার আশীর্ব্বাদ বর্ষিত হয়।
হে ঈশ্বর দয়া করে সকলকে সমস্ত দ্বিধা এবং ভয় থেকে মুক্ত করে সবায়ের ভিতর একত্ব নিয়ে আসুন।

ঈশ্বর আপনাকে ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ।


Copyright @ All rights reserved

## পূজাস্থলের জন্য প্রার্থনা

হে পরম ব্রহ্ম, দিব্য পিতা, দিব্য মাতা, আমার উচ্চতম আত্মা, আমার আধ্যাত্মিক পথপ্রদর্শক, সহায়কবৃন্দ এবং গুরুজন
সমস্ত আধ্যাত্মিক পথপ্রদর্শক, সহায়কবৃন্দ এবং গুরুজন
সমস্ত উপাচারাত্মক দেবদূত এবং দিব্য সত্তা।
মহান কর্মমন্ডল
হে ঈশ্বর আমি বিনীতভাবে আপনার দিব্য আশীর্ব্বাদকে আহ্বান করছি যাতে এই স্থানে আমি সেই আশীর্বাদের মাধ্যম হতে পারি।
দয়া করে সেই মত আমাকে পথপ্রদর্শন এবং রক্ষা করুন।
আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ।
এই স্থানে দিব্য জ্যোতির প্রাচুর্য্য হোক
সেই দিব্য জ্যোতি দিব্য অগ্নিতে পরিবর্তিত হয়ে সমস্ত নেতিবাচক শক্তিকে ভস্মীভূত করে দিব্য জ্যোতিতে পরিবর্তিত করুক।
এই দিব্য অগ্নি এই স্থানের সর্বত্র বন্যার মত প্লাবিত হোক।
এই স্থান দিব্য অগ্নির দ্বারা পরিব্যপ্ত হোক।
এই স্থানে দিব্য প্রেম, দিব্য করুণা, দিব্য দয়া, উপচারাত্মক শক্তি, শ্রী ও সম্পদ, আনন্দ, দিব্য সহমর্মিতা, আধ্যাত্মিকতা ও দিব্য আনন্দের প্রাচুর্য্যের আশীর্ব্বাদ ধন্য হোক।
দয়া করে সকলের দ্বিধা ও ভয় দূর করুন।
এখানে যারা সুস্থ হতে আসবে তারা যেন সুস্থ হয়।
সকলের ওপর জ্ঞান ও প্রজ্ঞার আশীর্ব্বাদ বর্ষিত হোক।
সমস্ত দুঃখ যেন পূর্ণ খুশী এবং আনন্দে পরিবর্তিত হয়।
সবাই শ্রী ও সম্পদের আশীর্ব্বাদ প্রাপ্ত হোক।
সবায়ের মধ্যে দান এবং ভাগ করে নেবার মনোভাব আসুক।
সবায়ের মধ্যে একত্বের মনোভাব আসুক।
প্রত্যেকের হৃদয়ে শান্তি, সমন্বয় এবং একত্বের ভাব পূর্ণ হোক।
এখানে উপস্থিত সমস্ত দিব্য সত্তার ওপর দিব্য জ্যোতি, দিব্য ক্ষমতা, দিব্য প্রেম, দিব্য করুণা, দিব্য দয়া, দিব্য প্রজ্ঞা, দিব্য জ্ঞান এবং আধ্যাত্মিকতার প্রাচুর্য্য আশীর্ব্বাদ বর্ষিত হোক।
সকল তত্ত্বাবধায়ক-এর ওপর দিব্য নির্দেশ, শুদ্ধ সেবাপরায়ণতা এবং সততার আশীর্ব্বাদ বর্ষিত হোক।
হে ঈশ্বর আপনাকে ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ।


Copyright @ All rights reserved

# আধ্যাত্মিক প্রার্থনা এবং প্রত্যয়ন

নিজের আধ্যাত্মিক শক্তিবৃদ্ধি এবং নিজের উচ্চতম আত্মার সঙ্গে সম্পর্কের জন্য।

Bengali - Spiritual Affirmations

**www.pranaviolethealing.com**

## নিদ্রাবস্থায় জ্ঞান লাভের পদ্ধতি

হে পরম ব্রহ্ম
দিব্য পিতা ও মাতা
আমার উচ্চতম আত্মা
আমার সকাল আধ্যাত্মিক পথ প্রদর্শক
এবং শিক্ষকবৃন্দ,
দয়া করে আজ আমার সূক্ষ্মদেহ কে
রক্ষা করুন ও সঠিক শক্তিকেন্দ্রে
স্থাপন করতে পথ প্রদর্শন করুন
যাতে করে আমি আজ
ঘুমের মধ্যে শিখতে পারি।
ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ।

আরাম করে শুয়ে পড়ুন,
চোখ বন্ধ করে আপনার শ্বাস প্রশ্বাসের
দিকে মন কেন্দ্রিত করুন,
ধীরে অথচ গভীর শ্বাস নিতে থাকুন।
সকালে ঘুম থেকে উঠে বলুন
ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ।

Copyright @ All rights reserved

## অঙ্গ, প্রত্যঙ্গের জন্য ক্ষমাপ্রার্থনা

(অঙ্গ/প্রত্যঙ্গের নাম) ___________ বছর পর তুমি কোনখানে আছ সেটা জানলাম। তোমাকে ধন্যবাদ।

তোমার অবস্থান না জানা সত্ত্বেও তুমি আমার খেয়াল রেখেছ। তুমি দিবারাত্র আমার জন্য কঠিন পরিশ্রম করেছ। এত বছর তুমি যে জিনিসগুলো পছন্দ কর না সেগুলো তোমার ওপর চাপিয়ে দিয়ে তোমার কাজকে বিশৃঙ্খল করে দিয়েছি। দয়া করে আমাকে ক্ষমা কর।

তোমাকে আমার খুব প্রয়োজন। আমি জেনে বা না জেনে যদি কোনোভাবে কোনরকম তোমার ক্ষতি করে থাকি তাহলে আমাকে ক্ষমা কর। এখন থেকে আমি তোমার যত্ন নেব।

এখন থেকে আমি ___________ খাব না যেহেতু এটা তোমার পক্ষে ভালো নয়। দয়া করে আমার জীবনের শেষ দিন পর্যন্ত আমার সাথে থাক।

তোমাকে আমার প্রয়োজন। আমি তোমায় ভালবাসি। এখন থেকে আমি তোমার প্রতি অনেক যত্নবান হব কারণ এখন আমি জানি কী জিনিস তোমার সবথেকে বেশী ক্ষতি করে।

আমাকে স্বাস্থ্যবান রাখার জন্য ধন্যবাদ।

ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ।

উদাহরণ ঃ একজন ৩৫ বছর বয়সী ব্যক্তির অগ্ন্যাশয়।

অগ্ন্যাশয় ৩৫ বছর পর তুমি কোনখানে আছ সেটা জানলাম। তোমাকে ধন্যবাদ।

তোমার অবস্থান না জানা সত্ত্বেও তুমি আমার খেয়াল রেখেছ। তুমি দিবারাত্র আমার জন্য কঠিন পরিশ্রম করেছ। এত বছর তুমি যে জিনিসগুলো পছন্দ কর না সেগুলো তোমার ওপর চাপিয়ে দিয়ে তোমার কাজকে বিশৃঙ্খল করে দিয়েছি। দয়া করে আমাকে ক্ষমা কর।

তোমাকে আমার খুব প্রয়োজন। আমি জেনে বা না জেনে যদি কোনোভাবে কোনরকম তোমার ক্ষতি করে থাকি তাহলে আমাকে ক্ষমা কর। এখন থেকে আমি তোমার যত্ন নেব।

এখন থেকে আমি চিনি, মিষ্টি খাবার, অতিরিক্ত পরিমাণে ভাত, রুটি ইত্যাদি স্বেতসার জাতীয় খাদ্য খাব না যেহেতু এটা তোমার পক্ষে ভালো নয়। দয়া করে আমার জীবনের শেষ দিন পর্যন্ত আমার সাথে থাক।

তোমাকে আমার প্রয়োজন। আমি তোমায় ভালবাসি। এখন থেকে আমি তোমার প্রতি অনেক যত্নবান হব কারণ এখন আমি জানি কী জিনিস তোমার সবথেকে বেশী ক্ষতি করে।

আমাকে স্বাস্থ্যবান রাখার জন্য ধন্যবাদ।

ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ।

Copyright @ All rights reserved

(প্রত্যয়নটি পড়বার সময় দিব্য অগ্নিকে আপনার কাছে আসতে দিন এবং আপনার চতুর্দিকে ঘিরে থাকতে দিন)

আমি দিব্য অগ্নির এক সত্তা
আমি সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন।'
(৫ বার একবারে বা যতবার প্রয়োজন)

আমার আত্মা দিব্য অগ্নির এক আত্মা ।
আমার আত্মা সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন।
(৫ বার একবারে বা যতবার প্রয়োজন)
(আপনি এই দুটি লাইন আপনার বাড়ী, কর্মক্ষেত্র, গ্রাম, শহর, সন্তান, স্বামী, স্ত্রী বা অন্য কোন ব্যক্তির নামেও পড়তে পারেন।

উদাহরণ ঃ আমার বাড়ী দিব্য অগ্নির এক স্থান।
আমার বাড়ী সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন।)

এইগুলি তিন বার করে পড়ুন ঃ

পৃথিবী, আকাশ এবং সমুদ্রের সকল প্রাকৃতিক সত্তা দিব্য অগ্নির সত্তা।
পৃথিবী, আকাশ এবং সমুদ্রে সকল প্রাকৃতিক সত্তা সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন।
(x৩)

ধরিত্রী মা দিব্য অগ্নির এক গ্রহ।
ধরিত্রী মা সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন।
(x৩)

আমাদের চন্দ্র দিব্য অগ্নির এক উপগ্রহ।
আমদের চন্দ্র সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন।
(x৩)

আমাদের সূর্য দিব্য অগ্নির এক নক্ষত্র।
আমদের সূর্য সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন।
(x৩)



Copyright @ All rights reserved

## আমি

আমি এই ভৌতিক শরীর নই।
আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ। (সাত সেকেন্ডের জন্য মৌন থাকুন)।

আমি এই ভ্রান্ত আবেগ নই।
আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ। (সাত সেকেন্ডের জন্য মৌন থাকুন)।

আমি এই ভুল চিন্তাধারা নই ।
আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ। (সাত সেকেন্ডের জন্য মৌন থাকুন)।

আমি এই বিক্ষিপ্ত মন নই ।
আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ। (সাত সেকেন্ডের জন্য মৌন থাকুন)।

আমি আত্মা।
আমার শরীর আমার আত্মার মন্দির।

আমি একটি দিব্য স্ফুলিঙ্গ।
ঈশ্বর আমার সৃষ্টিকর্তা।
আমি ঈশ্বরের সাথে সংযুক্ত হয়ে আছি।

প্রতিদিন আমি আমার কর্মের সমন্বয় সাধন করছি।

আমি এই দিব্য নির্দেশ ও পরিকল্পনা স্বীকার করছি। আমি ঈশ্বরের পরিপূর্ণতা যা আমার শরীর, মন, আত্মা দ্বারা প্রকাশিত। আমি সেই শুদ্ধতা এবং ঈশ্বরের পছন্দ। আমি সেই শুদ্ধতা যা ঈশ্বর অভিলাষ করেন। আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ। আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ।
আমি সেই যা আমার প্রকৃত স্বরূপ।
আমি ঈশ্বরের সাথে সংযুক্ত হয়ে আছি।
আমি সকলের সাথে সংযুক্ত হয়ে আছি।



Copyright @ All rights reserved

## আমি জ্যোতি স্বরূপ

আমি উজ্জ্বল জ্যোতি, বিচ্ছুরিত জ্যোতি, তীব্র জ্যোতি
ঈশ্বর আমার অন্ধকার আত্মসাৎ করেছেন

আমাকে জ্যোতিতে রূপান্তরিত করেছেন
আজ আমি কেন্দ্রীয় সূর্য্যের লক্ষ্যস্থল

আমার ভিতর স্ফটিক স্বচ্ছ নদী প্রবহমান
আমি চেতনার এক জ্যোতিস্বরূপ ঝর্ণা যা মানুষের চিন্তা ও অনুভবের অতীত।

আমি ঈশ্বরের দূরবর্তী সীমাচৌকী

যে অন্ধকার আমাকে গ্রাস করেছিল তা জ্যোতি স্বরূপ নদী গ্রাস করেছে, যেটা আমার স্বরূপ।

আমি জ্যোতি, জ্যোতি, জ্যোতি

আমার জ্যোতিতে অবস্থিতি, অবস্থিতি, অবস্থিতি।

আমার সমগ্র সত্তা জ্যোতি স্বরূপ
জ্যোতি আমার শুদ্ধতম অভিপ্রায়
আমি জ্যোতি, জ্যোতি, জ্যোতি

আমি বিশ্বের যেখানে যাই সেখানে জ্যোতির বন্যা বইয়ে দিই।

সর্বত্র ঈশ্বরের আশীর্বাদ, শক্তি এবং অভিপ্রায় পৌঁছে দিই

আমি জ্যোতি, জ্যোতি, জ্যোতি।



Copyright @ All rights reserved